
*Annual Report 2015-2016*



অনুগামী চাষী
সহিদুল ইসলাম
দাসের হাট
মোকসুদপুর, গোপালগঞ্জ



বনিয়াদি চাষী
মোঃ আব্দুল কালাম আজাদ
চাঁদপাসা, কালিকাপুর
বাবুগঞ্জ, বরিশাল



প্রগতিশীল চাষী
মোঃ মহিবুল আলী
আব্বাস বাজার
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

বানিজ্যিক চাষী
দিনবন্ধু
দক্ষিণ ফ্যাশন পৌরসভা
চরফ্যাশন, ভোলা



# কৃষকই আমাদের জাতির কর্মশক্তি
## খাদ্যের স্বয়ংসম্পূর্ণতায় অবদান রাখে

এসিআই কৃষকের সহায়ক

**ACI Formulations Limited**

## Directors' Report to the Shareowners

It is our pleasure and privilege on the part of the Board of Directors to present herewith the Directors' Report and Auditors' Report together with the audited Financial Statements of ACI Formulations Limited for the period of 18 month ended on 30th June 2016 prepared based on the provision of the Finance Act 2015 and Bangladesh Securities & Exchange Commission's (BSEC) Guidelines.

The business environment in 2015 was much more peaceful then the previous year and our people could move freely to conduct the business and our products could be distributed without hindrance. Our Crop Care business is particularly vulnerable to unrest. This is a business where we take our responsibility for customer support seriously. Our field staff examine the crops regularly and advise the farmers for timely measures to protect the crops from pest infestation. We remain in readiness to reach the products at short notice to remote corners of the country and to fight any unexpected pest attack. Therefore, mobility and connectivity are of vital importance to us. Our promptness saves crops and protects the farmers' investment in the field.

We are happy to report that the overall performance of the Company has been commendable, thanks to our hard - working employees at all levels who deserve the credit.

In the Crop Care category, the growth has been significant though the business faced tremendous adverse weather condition in summer. This excellent

result could be achieved through the hard work and dedication of the field force as well as the support they received from the marketing staff.

Our market shares in Insecticides, Herbicides and Fungicides have improved. We are the market leader in Herbicide category. We have improved our products range and introduced new molecules which are less toxic and applicable in micro dose.

'Flora', a plant growth enhancing agent, was promoted vigorously by establishing a separate business unit with dedicated sales and marketing teams. As a result, we achieved a phenomenal growth of 286% by volume. We have many demonstration plots throughout the country to show the farmers the benefit of using 'Flora' in improving the yield. The prospect of further growth in 'Flora' sales in the coming years is bright.

We are educating the farmers in adopting modern agronomic practices and getting maximum benefit from the inputs they use including seed, fertilizer and irrigation.

ACI Formulations is implementing a set of farmer-centered welfare projects with a few international NGOs through its partnership and Business





Development Department. These projects are operated in many different parts of the country including northern remote char islands, southern under privileged and so on. We train farmers on modern cultivation techniques and quality inputs so that they can increase their income from the cultivation. To do so, the Business Development Department has partnered with different international and local development organization. The department has also initiated some innovative agri service businesses, which will be the first of their kinds in Bangladesh.

The Factory of ACI Formulations is located in Gazipur. It is well - equipped with modern machinery and equipment for the manufacture of Aerosol, Mosquito Coil, Agro Chemicals, Sulphur, Paints, etc. We have significantly increased our production efficiency through revision of operating procedures and manpower deployment. There has been improvement in yield optimization, energy conservation and automation both in toll manufacturing and Crop Care businesses.

ACI Formulations has joined hands with world's no. 1 paint company, Akzo Nobel of the Netherland's for toll manufacturing of paints in our factory. The plant has been successfully commissioned and production has commenced.

Our parent company ACI Limited divested some Brands in their Insect Control and Air Care Categories to a US based multinational S.C. Johnson & Son who have signed a toll manufacturing agreement with us. With this association we should be able to benefit from their knowledge and expertise in use of advanced manufacturing technology. So far we have been able to cope with their product requirement without fail.

Our Effluent Treatment Plant is fully compliant with Environmental Regulations. The effluents are neutralized fully to ensure that there is no toxicity or harmful ingredient after treatment. The treated liquid is benign and mostly used for gardening in the factory. Solid wastes are burned in a proper Incinerator and the gas is passed through a scrubber to ensure that the discharge is harmless.

ACI Formulations is planning to grow faster through the use of cutting edge technology, adopting winning strategy and proper utilization of resources in shaping its business for the future.







## Financial Results

For the six month period ended 30 June 2016, ACI Formulations Limited achieved 39.42 percent growth in revenue from its own operation compared to six month period ended 30 June 2015. Total revenue increased to Taka 1,625.49 million during six month period ended 30 June 2016 from Taka 1,165.86 million of same period last year (SPLY) with a net increase of Taka 459.63 million. Higher sales volume contributed to increase gross profit by Taka 155.81 million or 48.52 percent over SPLY. Profit after tax (PAT) increased by 21.68 percent to Taka 90.40 million from Taka 74.29 million of comparative period. The growth in PAT was attained mainly by generating higher gross profit due to higher proportionate sales of higher margin products. The basic earnings per share (BEPS) reached to Taka 2.01 from Taka 1.65 with a 21.68% percent growth over SPLY.

In 2015, the revenue of the Company increased to Taka 3,006 million from Taka 2,908 million of 2014, a marginal increase of Taka 98 million from 2014, resulting into 3.37 percent higher revenue over last year. Though the revenue of CC&PH business increased by 20.32 percent (Tk 326 million) over last year, the revenue of mosquito coil business decreased by 33.98 percent (Tk. 275 million) due to market disruption by unauthorized mosquito coil. As a result, Company level revenue growth was not as impressive as it was expected. The cost of sales increased by 1.70 percent only due to favorable material price variance coupled with effective control in factory cost over comparative year. Lower cost of sales aided by higher proportionate sales of higher margin products has led to increase gross profit by 8.3 percent over last year. The operating cost increased by 0.8 percent only compared to 2014 due to improvement of operational efficiency. The financing cost remained at desired level through efficient working capital management and enjoying borrowing at lower cost. In 2015, the profit before tax and profit after tax of the company were Taka 313.11 million and Taka 235.14 million respectively. Higher growth of gross profit alongwith containment of operating and financing costs at desired level contributed to increase profit after tax by 25.33 percent over last year. The earnings per share was Taka 5.23 in 2015 as against Tk. 4.17 of 2014.

## Appropriation of Profit

Considering the financial results of the Company during the year and free reserve carried over and in line with following a consistent dividend policy, the Directors recommended appropriation of net profit as follows:

| | For the eighteen month period ended 30 June 2016 | For the six month period ended 30 June 2016 | For the year ended 31 December 2015 | For the year ended 31 December 2014 |
|---|---|---|---|---|
| | Taka | Taka | Taka | Taka |
| Un-appropriated profit | 527,627,496 | 606,569,899 | 527,627,496 | 475,011,664 |
| Add: Net profit after tax for the period / year | 325,540,469 | 90,398,064 | 235,142,405 | 187,615,832 |
| Add: Realization of revaluation reserve | 1,299,998 | - | 1,299,998 | - |
| Total available for appropriation | 854,467,963 | 696,967,963 | 764,069,899 | 662,627,496 |
| Appropriation proposed: | | | | |
| Cash dividend | 157,500,000 | - | 157,500,000 | 135,000,000 |
| Balance carried forward | 696,967,963 | 696,967,963 | 606,569,899 | 527,627,496 |

With the balance carried forward and with future ploughing back of the profit, Directors are confident that Company will be able to maintain prudent dividend policy in coming years.

## Dividend

The Board of Directors is pleased to recommend cash dividend @35 percent on face value of Taka 10 per share (i.e. Taka 3.5 per share) for the eighteen-month period ended 30 June 2016 to those shareowners whose names were appeared in the Share Register of Members of the Company or in the Depository list of CDBL on the Record Date which was Thursday, 19th May 2016.

## Contribution to the National Exchequer


For the six month period ended 30 June 2016, the Company contributed Taka 255.82 million to the National Exchequer in the form of corporate tax, custom duty and Value Added Tax (VAT). This is equivalent to 14.48 percent of the Company's gross sales revenue for that period ended 30 June 2016.


During 2015, the company contributed Taka 386.64 million to the National Exchequer in the form of corporate tax, custom duty, VAT etc. This is equivalent to 12.19 percent of our gross sales revenue for the year 2015.


## Cost of Goods Sold and Profit Margins

For the six month period ended 30 June 2016, revenue increased by 39.42 percent whereas COGS increased by 35.97 percent over SPLY. This was achieved due to favorable material cost variance and stable exchange rate along with high yielding product mixes over the SPLY. In the first six month of 2016, additional gross profit was Taka 155.81 million which resulted into 48.52 percent growth over comparative period. PAT has increased by 21.68 percent in first six month over SPLY.

In 2015, the revenue of the Company increased to Taka 3,006 million from Taka 2,908 million of 2014 resulting into 3.37 percent higher revenue over last year. The cost of goods sold to revenue was 73.38 percent in 2015 against 74.60 percent of 2014. The improvement in cost of goods sold was attained by bringing efficiency in product cost and increasing sales of higher margin products over last year. As a result, gross margin ratio increased to 26.61 percent in 2015 from 25.39 percent of 2014. The operating cost increased by 0.8 percent over 2014 due to better control over operations. In 2015, the profit before tax and profit after tax of the Company were Taka 313.11 million and Taka 235.14 million respectively. Higher growth of gross profit alongwith containment of operating and financing costs at desired level contributed to increase profit after tax by 25.33 percent over last year.



# Directors Declaration as to Statutory Information

In connection with preparation and presentation of the Financial Statements for the 18 month ended on 30 June 2016, the Directors also report that:

- Segment-wise performance has been shown in note - 7 (ii) of the Financial Statements.
- The Company is aware of the different risks associated with doing business and is prepared to counter those risks through systematic approach. Financial risks management has been disclosed in the Note - 32 of the Financial Statements.
- No extra-ordinary gain or loss exists during the year as prescribed by the Bangladesh Financial Reporting Standards (BFRSs).
- All transactions with related parties are made on a commercial basis and the basis was the principle of "Arms Length Transaction". Details of related party transaction are disclosed in the Note - 36 of the Financial Statements.
- No IPO or Right issue was made during the year.
- No significant variance occurs between Quarterly Financial Performance and Annual Financial Statements.
- During the period of 18 month, Company has paid a total of Taka 16,500.00 as Board meeting attendance fees. The remuneration of Directors has been mentioned in Note- 28 & Note- 36(b) of the Financial Statements.
- The Financial Statements prepared by the management of the Company presents a true and fair view of Company's state of affairs, result of its operation and changes in equity and cash flows.
- Proper books of account of the Company have been maintained.
- Appropriate accounting policies have been consistently followed in formulating the Financial Statements and Accounting estimates are reasonable and accurate.
- Bangladesh Accounting Standards (BASs) and Bangladesh Financial Reporting Standards (BFRSs) have been followed in preparation of the Financial Statements.
- All significant variations in operating results from the previous year have been highlighted and reasons thereof have been explained.
- The key Financial and operating data for last six years are disclosed at Financial Highlights and Analysis (January 2010 to June 2016).
- The Company has recommended dividend for the period of 18 month comprising January 2015 to June 2016.
- During the period of 18 month, eight Board meetings were held, which conform the regulatory requirements which are shown in Annexure - I.
- Shareholding pattern of the Company as on 30 June 2016 are shown in Annexure - II.
- The profiles of directors who have sought for appointment/re-appointment are shown in Annexure - III.
- The CEO and CFO has certified to the Board that they have reviewed the Financial Statements and believe that these statements do not contain any material untrue statements or omit any material fact or certain statements that might be misleading.
- The CEO and CFO further confirm that Financial Statements together present a true and fair view of the Company's affairs and are in compliance with applicable laws.
- The CEO and CFO have further certified to the Board that there are, to the best of their knowledge and belief, no transactions entered into by the Company during the period under review, which are fraudulent, illegal or violation of the Company's code of conduct.





## Going Concern

The Board is of the opinion that the Company is indeed a going concern. This is recognized through appropriate enquiries and analyses, which establishes that the resources are adequate to support the operations and that sufficient business opportunities exist to justify the organisation as a going concern and the Directors analyse the financial statements accordingly to ensure that. Hence, the Financial Statements are prepared on a going concern basis.

## Corporate Social Responsibility (CSR)

CSR is a central function of ACI Formulations and the projects and programs under CSR are selected on basis of their relevance to the business objectives of the Company. We are conscious of our responsibility to manage a sustainable business organization which requires a strong team to manage CSR and at the same time respect the social aspirations concerning us.

## Adoption of Fiscal Year as Income Year as per Income Tax Ordinance

Pursuant to the provisions of the Income Tax Ordinance 1984, u/s-2(35), as amended under Finance Act-2015, all Companies (other than Bank, Insurance and NBFIs) are required to adopt Fiscal Year (i.e. 1st July-30th June) as Income Year or Accounting Year with effect from 01 July 2016 to 30 June 2017. In compliance to this Government directive, the Accounting Year of the Company has been changed from Calendar Year to Fiscal Year in due course of time in a manner as prescribed by the National Board of Revenue (NBR) and Bangladesh Securities and Exchange Commission (BSEC). To give effect to this change, the initial eighteen months financial statements ranging from 1 January 2015 to 30 June 2016 is drawn to be placed before the shareowners at the ensuing 20th Annual General Meeting of the Company.

## Election of Director

By operation of Article 47 of the Company's Articles of Association Dr. Arif Dowla and Mrs. Najma Dowla retire by rotation and being eligible, offer themselves for re-election.

## Independent Director and Chairman of the Audit Committee

Mr. Juned Ahmed Choudhury and Mr. Kamran T. Rahman are the Independent Directors of the Company. Mr. Juned Ahmed Choudhury also acts as the Chairman of the Audit Committee. The first three-year tenure of Mr. Juned Ahmed Choudhury as Independent Director expires on 29 October 2015 and the Board extended his tenure for another term of three-years with effect from 30 October 2015 as the Independent Director of the Company following BSEC guidelines in this regard.

## Appointment of Auditors

The existing Auditors of the Company, M/s. Rahman Rahman Huq, Chartered Accountants, retire at this Annual General Meeting on completion of their audit work for a period of 18 months from 1 January 2015 to 30 June 2016, under regulatory requirement. Being eligible, they, however, have offered themselves for reappointment for the year 2016-2017 and the Board of Directors recommend their re-appointment for a term until the next Annual General Meeting.

## Corporate Governance Compliance Status

ACI Formulations Limited believes in sustainable business development through quality assurance, customer focus, innovation, fairness, transparency and compliance, and continuous improvement for enriching the quality of life of the people. However, the Board and management of the Company are



committed to continuously strive for the highest standards and ethics in governance practices with a view to safeguarding the interest of its shareowners and innumerable stakeholders as well.

In this connection, we are pleased to confirm that the Company has meanwhile complied with all the necessary guidelines under BSEC Notification No. SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 7 August 2012. The compliance report along with the necessary remarks/disclosure is appended in Annexure-V of the Directors' Report for 18 months' period ended on 30 June 2016. In this respect, the Certificate of Compliance required under Condition # 7 of the Guidelines as provided by M/s. Al-Muqtadir Associates, Chartered Secretaries, is also enclosed in Annexure-VI of this report.

## The People of ACI FL

ACI Formulations value its employees in the field, in office and in the factory, for their loyalty and contribution to the success of operations of the Company. The employees believe in continuous innovative improvement as a way forward what shall ensure their competitive advantage over their competitors. Fairness and equal opportunity are maintained in all aspects of operations of the Company. Health and safety measures are meticulously followed.

Employees are evaluated for their performance on a Balanced Scorecard Matrix, which not only records individual contribution towards achieving the results but also identifies potentials in individuals for training and career enhancement.

## Acknowledgements

The Board of Directors firmly believes that ACI Formulations has the necessary strengths, resources and commitments to further propel the Company to newer heights. The performance of the Company during the period under review, even with so many challenges confronted, demonstrates the resolves and determination of the Board, Management and overall the peoples in the Company. At this occasion, the Board expresses on record their appreciation to the partners of ACI Formulations, shareowners, suppliers, customers, bankers, regulators, media and all other well wishers for their support and patronage to bring the company to this level. We value their continued support to fulfill our mission to improve the lives of people.

Finally, and most importantly, we, on behalf of the Board of Directors thank the employees of ACI Formulations in factories, depots, offices and other locations across the country, for their untiring efforts. They have worked hard, against all odds, uncertainties and adversities and built a stronger organisation that can create a greater positive impact on the quality of life of the people.

On behalf of the Board

**Ms. Shusmita Anis**
Managing Director

**Juned Ahmed Choudhury**
Chairman
(Independent Director)

## শেয়ার মালিকদের প্রতি পরিচালকমন্ডলীর প্রতিবেদন

প্রিয় শেয়ারমালিকবৃন্দ

আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে এ সি আই ফরমুলেশন্‌স লিমিটেডের পরিচালনা পর্ষদের পক্ষ থেকে বাংলাদেশ অর্থ আইন ২০১৫ এর বিধান ও বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর নির্দেশনা অনুসারে প্রস্তুতকৃত ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ১৮ মাসের নিরীক্ষিত আর্থিক বিবরণী সমূহ ও নিরীক্ষা প্রতিবেদনসহ পরিচালক মণ্ডলীর প্রতিবেদন আপনাদের বিবেচনার জন্য উপস্থাপন করছি।

বিগত বছরের তুলনায় ২০১৫ সাল ব্যবসা বান্ধব হওয়ায় আমাদের কর্মীরা নির্বিঘ্নে সামগ্রিক কার্যক্রম পরিচালনা করতে পেরেছে এবং আমরা আমাদের পণ্যসমূহ ক্রেতাদের কাছে নিরবিচ্ছিন্নভাবে পৌঁছে দিতে পেরেছি।

দেশের অস্থিরতা মারাত্মকভাবে আমাদের ক্রপকেয়ার ব্যবসাকে প্রভাবিত করে। এই ব্যবসায়ে আমরা নিজ দায়িত্বে ব্যাপকভাবে ক্রেতাদের সহযোগিতা করে থাকি। আমাদের মাঠকর্মীরা নিয়মিত ক্রপ পরীক্ষা করে থাকে এবং পোকামাকড়ের আক্রমণ থেকে ক্রপকে রক্ষা করার জন্য সময়মত পরিচর্যা নেয়ার উপদেশ দিয়ে থাকে। দেশের প্রত্যন্ত অঞ্চলে পণ্য পৌঁছানো এবং অপ্রত্যাশিত পোকার আক্রমণ থেকে ফসল রক্ষার জন্যে আমরা সর্বদা প্রস্তুত থাকি। এজন্য গতিশীলতা এবং সংযোগ দুটোই আমাদের জন্য গুরুত্বপূর্ণ। আমাদের তৎপরতা ফসল এবং কৃষকদের মাঠে বিনিয়োগে সুরক্ষা দেয়।

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে কোম্পানির সামগ্রিক ফলাফল প্রশংসনীয়। ধন্যবাদ জানাই, আমাদের সকল শ্রেণীর কঠোর পরিশ্রমী কর্মীদেরকে কারণ এটা তাদের প্রাপ্য।

গ্রীষ্মে চরম খারাপ আবহাওয়া সত্ত্বেও আমাদের ব্যবসা উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে। মাঠকর্মীদের নিরলস পরিশ্রম ও প্রচেষ্টার সাথে বিপণন কর্মীদের সহযোগিতার ফলেই এই অসাধারণ ফলাফল অর্জন সম্ভব হয়েছে।

কীটনাশক, আগাছানাশক এবং ছত্রাকনাশকে আমাদের মার্কেট শেয়ার বৃদ্ধি পেয়েছে। আগাছানাশক ক্যাটাগরীতে আমরা নেতৃস্থানীয়। আমরা আমাদের পণ্যের তালিকা বৃদ্ধি করেছি এবং কম বিষাক্ত ও ক্ষুদ্রমাত্রায় প্রয়োগযোগ্য মলিকিউলস্‌ প্রবর্তন করেছি।

একদল নিবেদিতপ্রাণ বিক্রয় এবং বিপণন কর্মীর মাধ্যমে চারা গাছের বৃদ্ধি সহায়ক-ফ্লোরা স্বতন্ত্র ব্যবসায়িক ইউনিট হিসেবে প্রতিষ্ঠা করা হয়েছে। যার ফলশ্রুতিতে আমরা ২৮৬% প্রবৃদ্ধি অর্জন করেছি। দেশব্যাপী আমাদের অনেক প্রদর্শনী কেন্দ্র আছে যেখানে আমরা কৃষকদেরকে ফ্লোরা ব্যবহারের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধির উপকারিতা বর্ণনা করে থাকি। আগামী বছরগুলোতে ফ্লোরার বিক্রিতে উন্নতি করার সম্ভাবনা খুবই উজ্জ্বল।

আধুনিক কৃষি অর্থনীতির প্রয়োগের মাধ্যমে বীজ, সার এবং সেচব্যাবস্থার সর্বোচ্চ সুবিধা নেয়ার জন্য আমরা কৃষকদেরকে প্রশিক্ষণ দিচ্ছি।

এ সি আই ফরমুলেশন্‌স তার অংশীদারিত্ব এবং ব্যবসা উন্নয়ন বিভাগের মাধ্যমে বিভিন্ন আন্তর্জাতিক এনজিওর সহযোগিতা নিয়ে কৃষক কেন্দ্রিক উন্নয়ন প্রকল্প চালু করেছে। এই প্রকল্পগুলো উত্তর এবং দক্ষিণ অঞ্চলের চর, দ্বীপ এবং অনুন্নত এলাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে পরিচালিত হচ্ছে। কৃষকরা যেন কৃষি কাজের মাধ্যমে তাদের আয় বৃদ্ধি করতে পারে সেজন্য তাদেরকে আধুনিক কৃষি প্রযুক্তি এবং মানসম্পন্ন কাজের উপর প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এরই ধারাবাহিকতায়, ব্যবসায় উন্নয়ন বিভাগ বিভিন্ন আন্তর্জাতিক এবং স্থানীয় উন্নয়ন সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে কাজ শুরু করেছে, যা বাংলাদেশে প্রথমবারে মত কৃষি সেবা ভিত্তিক উদ্ভাবনী কার্যক্রম চালু করেছে।

এরোসল, মশার কয়েল, এগ্রো কেমিক্যাল, সালফার, পেইন্টস্‌ ইত্যাদি প্রস্তুতকারী এ সি আই ফরমুলেশন্‌স ফ্যাক্টরি গাজীপুরে অবস্থিত এবং অত্যাধুনিক মেশিনারীজ ও যন্ত্রপাতি সমৃদ্ধ।

কার্যপদ্ধতির পর্যালোচনা এবং মানবসম্পদ বিস্তৃতির মাধ্যমে আমরা আমাদের উৎপাদন দক্ষতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছি। টোল ম্যানুফ্যাকচারিং এবং ক্রপকেয়ার উভয় ক্ষেত্রেই উৎপাদনশীলতা, এনার্জি সেভিং এবং স্বয়ংক্রিয় মেশিনের ব্যবহারে পরিবর্তন এসেছে।

এ সি আই ফরমুলেশন্‌স বিশ্বের ১ নম্বর পেইন্ট কোম্পানী নেদারল্যান্ডের Akzo Nobel কোম্পানীর সাথে চুক্তির মাধ্যমে আমাদের ফ্যাক্টরীতে পেইন্ট উৎপাদন করছে। এই প্ল্যান্ট সফলতার সাথে যাত্রা শুরু করে পণ্য উৎপাদন করছে। আমাদের মূল কোম্পানী এ সি আই লিমিটেড, যুক্তরাষ্ট্রের বহুজাতিক কোম্পানি S.C. Johnson & Son এর নিকট ইনসেক্ট কন্ট্রোল এবং এয়ার কেয়ার ব্রান্ড হস্তান্তর করেছে এবং টোল ম্যানুফ্যাকচারিং এর ভিত্তিতে প্রোডাক্ট তৈরীতে চুক্তিবদ্ধ হয়েছে।

এই সম্পর্কের কারনে আমরা তাদের জ্ঞান ও দক্ষতার ব্যবহার করে উন্নত ম্যানুফ্যাকচারিং প্রযুক্তির সুবিধা নিতে পারব। এখন পর্যন্ত কোন ধরনের ব্যর্থতা ছাড়াই আমরা তাদের পণ্য চাহিদা যথাযথ ভাবে পূরণ করে চলেছি।

আমাদের বর্জ্য পরিশোধন প্ল্যান্টটি পুরোপুরিভাবে পরিবেশ আইন মেনে পরিচালিত হয়। পরিশোধনের মাধ্যমে বর্জ্য পদার্থের মধ্যে যেন কোন ধরনের ক্ষতিকর উপাদান না থাকে সেটি নিশ্চিত করা হয়। এই পরিশোধিত পানি মোটেও ক্ষতিকর নয় এবং ফ্যাক্টরির বাগানের কাজে এটি ব্যবহৃত হয়। এমনকি কঠিন পদার্থগুলোও যেন প্রকৃতির কোন ক্ষতির কারণ না হয় তা মাথায় রেখে যথাযথ দাহনযন্ত্রে পুড়িয়ে ধোঁয়া নিরাপদভাবে বের করে দেওয়া হয়।

অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার, জয়ের কৌশল অবলম্বন ও সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে এ সি আই ফরমুলেশন্স ভবিষ্যতে আরো দ্রুত প্রবৃদ্ধির পরিকল্পনা করছে।

## আর্থিক ফলাফল

৩০শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ছয় মাস সময়ে এ সি আই ফরমুলেশন্স লিমিটেড পূর্ববতী বছরের একই সময়েরর তুলনায় ৩৯.৪২% বিক্রয় প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়েছে, যা ৪৫৯.৬৩ মিলিয়ন টাকার সমান। উল্লেখিত ৬ মাসে মোট বিক্রয় অর্জিত হয়েছে ১,৬২৫.৪৯ মিলিয়ন টাকা যা ২০১৫ সালের একই সময়ে ছিল ১,১৬৫.৮৬ মিলিয়ন টাকা। কাঙ্ক্ষিত লক্ষ্য মাত্রা অর্জিত হওয়ায় মোট মুনাফা বৃদ্ধি পেয়েছে ১৫৫.৮১ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী সময়ের তুলনায় প্রায় ৪৮.৫২% বেশী। কর পরবর্তী মুনাফা ৭৪.২৯ মিলিয়ন থেকে ৯০.৪০ মিলিয়ন টাকা হয়েছে যা ২১.৬৮% বেশী। উচ্চ মুনাফা সম্বলিত পণ্যের বিক্রয় বৃদ্ধির মাধ্যমে অধিকতর মোট মুনাফা অর্জন করায় মূলত এই সাফল্য অর্জিত হয়েছে। কোম্পানির শেয়ার প্রতি আয় ১.৬৫ টাকা থেকে বেড়ে ২.০১ টাকা হয়েছে যা পূর্ববর্তী সময়ের তুলনায় ২১.৬৮% বেশি।

২০১৫ সালে কোম্পানির বিক্রয় ২০১৪ সালের একই সময়ের ২,৯০৮ মিলিয়ন থেকে বৃদ্ধি পেয়ে ৩,০০৬ মিলিয়ন হয়েছে যা পূর্ববর্তী বছরের তুলনায় প্রায় ৯৮ মিলিয়ন টাকা এবং ৩.৩৭% বেশী। CC & PH ব্যবসায় ২০.৩২% (৩২৬ মিলিয়ন) প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। তথাপিও অননুমোদিত মশার কয়েলে বাজার সয়লাব হওয়ায় এই খাতের ব্যবসায় ৩৩.৯৮% (২৭৫ মিলিয়ন) হ্রাস পেয়েছে। যে কারনে কোম্পানি পর্যায়ে প্রত্যাশিত প্রবৃদ্ধি অর্জন সম্ভবপর হয়নি। বিক্রিত পণ্যেরমূল্য পূর্ববর্তী বছরেরে তুলনায় ১.৭০% বৃদ্ধি পেয়েছে যা মূলত কাঁচামালের মূল্য অনুকূলে থাকায় এবং কারখানা খরচের কার্যকরী নিয়ন্ত্রণের মাধ্যমে সম্ভব হয়েছে। অধিক মুনাফা সম্বলিত পণ্যের বিক্রয় বৃদ্ধির পাশাপাশি বিক্রিত পণ্যের মূল্য নিয়ন্ত্রণের মাধ্যমে কোম্পানি পূর্ববর্তী বছরের তুলনায় ৮.৩% মোট মুনাফা বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। পরিচালনগত ব্যয় পূর্ববর্তী বছরের তুলনায় মাত্র ০.৮% বৃদ্ধি পেয়েছে যার পেছনে পরিচালনগত দক্ষতা অন্যতম ভূমিকা পালন করেছে। অন্যদিকে চলতি মূলধনের দক্ষ ব্যবস্থাপনা, সেই সাথে হ্রাসকৃত সুদহারে অর্থ সংগ্রহের কারনে অর্থায়নব্যয় কাঙ্ক্ষিত মাত্রায় রয়েছে। ২০১৫ সালে কোম্পানির কর পূর্ববর্তী মুনাফা এবং কর পরবর্তী মুনাফা ছিল যথাক্রমে ৩১৩.১১ মিলিয়ন টাকা এবং ২৩৫.১৪ মিলিয়ন টাকা। মোট মুনাফার হার বৃদ্ধির পাশাপাশি পরিচালন ব্যয় এবং অর্থায়ন ব্যয় যথাযথ নিয়ন্ত্রণের মাধ্যমে কোম্পানির কর পরবর্তী মুনাফা পূর্ববর্তী বছরের তুলনায় ২৫.৩৩% বেড়েছে। ২০১৫ সালে শেয়ার প্রতি আয় দাঁড়িয়েছে ৫.২৩ টাকা যা কিনা পূর্ববর্তী বছরে ছিল ৪.১৭ টাকা।

## মুনাফা বন্টন

বিগত বছরের আর্থিক ফলাফল পর্যালোচনা, ফ্রি রিজার্ভ এবং ধারাবাহিক লভ্যাংশ নীতি অনুসরণের আলোকে পরিচালকমন্ডলী নীট মুনাফার নিম্নলিখিত বন্টন সুপারিশ করেছেন ঃ

| | ৩০শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ১৮ মাসের জন্য | ৩০ শে জুন২০১৬ তারিখে সমাপ্ত ৬ মাসের জন্য | ৩১শে ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের জন্য | ৩১শে ডিসেম্বর ২০১৪ তারিখে সমাপ্ত বছরের জন্য |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| অবন্টিতমুনাফা | ৫২৭,৬২৭,৪৯৬ | ৬০৬,৫৬৯,৮৯৯ | ৫২৭,৬২৭,৪৯৬ | ৪৭৫,০১১,৬৬৪ |
| যোগ:কর-পরবর্তীমুনাফা | ৩২৫,৫৪০,৪৬৯ | ৯০,৩৯৮,০৬৪ | ২৩৫,১৪২,৪০৫ | ১৮৭,৬১৫,৮৩২ |
| যোগ: আদায়কৃত পূনঃমূল্যায়ণ সঞ্চিতি | ১,২৯৯,৯৯৮ | - | ১,২৯৯,৯৯৮ | - |
| সর্বমোট বন্টনযোগ্য মুনাফা | ৮৫৪,৪৬৭,৯৬৩ | ৬৯৬,৯৬৭,৯৬৩ | ৭৬৪,০৬৯,৮৯৯ | ৬৬২,৬২৭,৪৯৬ |
| **প্রস্তাবিত লভ্যাংশ** | | | | |
| নগদ লভ্যাংশ | ১৫৭,৫০০,০০০ | - | ১৫৭,৫০০,০০০ | ১৩৫,০০০,০০০ |
| অবন্টিত স্থিতি | ৬৯৬,৯৬৭,৯৬৩ | ৬৯৬,৯৬৭,৯৬৩ | ৬০৬,৫৬৯,৮৯৯ | ৫২৭,৬২৭,৪৯৬ |

এ বছরের স্থিতি এবং আগামীতে মুনাফা অর্জনের মাধ্যমে ধারাবাহিক লভ্যাংশ নীতি বজায় রাখতে পারবে বলে পরিচালকমন্ডলী আস্থাশীল।

## লভ্যাংশ

পরিচালকমন্ডলী আনন্দের সাথে ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ১৮ মাসের জন্য ৩৫% লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে অর্থাৎ প্রতি ১০ টাকার শেয়ারে ৩.৫০ টাকা। রেকর্ড ডেট অর্থাৎ ১৯ শে মে ২০১৬, বৃহস্পতিবার, যে সকল শেয়ার মালিকগণের নাম কোম্পানীর সদস্যদের শেয়ার রেজিষ্টার বা সিডিবিএল এর ডিপোজিটরিতে অন্তর্ভূক্ত ছিল, তারা এই লভ্যাংশ পাওয়ার যোগ্য হিসাবে বিবেচিত ছিলেন।

## জাতীয় রাজস্ব আয়ে অবদান

৩০শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ছয় মাস সময়ে কোম্পানি কর্পোরেট কর, আবগারি শুল্ক এবং মূল্য সংযোজন কর বাবদ মোট ২৫৫.৮২ মিলিয়ন টাকা জাতীয় কোষাগারে জমাদান করেছে যা উল্লেখিত ৬ মাসের মোট বিক্রয়লব্ধ আয়ের ১৪.৪৮%। ২০১৫ সালে এই জমার পরিমান ছিল ৩৮৬.৬৪ মিলিয়ন টাকা যা উল্লেখিত বছরের মোট বিক্রয়লব্ধ আয়ের ১২.১৯%।

## বিক্রিত পণ্যের খরচ এবং মুনাফার হার

৩০শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ছয় মাস সময়ে, পূর্ববতী বছরের একই সময়ের তুলনায়, কোম্পানির রাজস্ব ৩৯.৪২% বৃদ্ধি পেলেও বিক্রীত পণ্যের ব্যয়বৃদ্ধি পেয়েছে মাত্র ৩৫.৯৭% । কাঁচামালের মূল্য অনুকুলে থাকায় এবং স্থিতিশীল বিনিময় হার বজায় থাকার পাশাপাশি উচ্চ মার্জিন সম্বলিত পণ্য মিশ্রণের মাধ্যমে এই অর্জন সম্ভবপর হয়েছে। ২০১৬ সালে প্রথম ছয় মাসে কোম্পানি পূর্ববতী বছরের একই সময়ের তুলনায় অতিরিক্ত ১৫৫.৮১ মিলিয়ন টাকা মোট মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে যা পূর্ববতী বছরের একই সময়ের তুলনায় ৪৮.৫২% বেশী। কর পরবর্তী মুনাফার হার পূর্ববতী বছরের একই সময়ের তুলনায় বেড়েছে ২১.৬৮% ।

২০১৫ সালে কোম্পানি ৩০০৬ মিলিয়ন টাকার সমপরিমাণ রাজস্ব অর্জনে সক্ষম হয়েছে যা ২০১৪ সালে ছিল ২৯০৮ মিলিয়ন(যা পূর্ববর্তী বছরের তুলনায় ৩.৩৭% বেশি) । বিক্রিত পণ্যের ব্যয়ের হার ২০১৪ সালে ৭৪.৬০% থেকে হ্রাস পেয়ে ২০১৫ সালে ৭৩.৩৮% হয়েছে। উৎপাদন ব্যয়ের দক্ষতা অর্জন এবং অধিক মুনাফা সম্বলিত পণ্যের বিক্রয় বৃদ্ধি এ অর্জনে সহায়ক হয়েছে। ফলশ্রুতিতে, গত বছেরের তুলনায় গ্রস মার্জিন অনুপাত ২৫.৩৯% থেকে ২৬.৬১% বৃদ্ধি পেয়েছে। পরিচালন ব্যয় বেড়েছে মাত্র ০.৮% যা পরিচালনগত দক্ষতার ফল। ২০১৫ সালে কোম্পানির কর পূর্ববর্তী মুনাফা এবং কর পরবর্তী মুনাফা ছিল যথাক্রমে ৩১৩.১১ মিলিয়ন টাকা এবং ২৩৫.১৪ মিলিয়ন টাকা। মোট মুনাফা উচ্চ মাত্রায় বৃদ্ধির পাশাপাশি পরিচালন ব্যয় এবং আর্থিক খরচের যথাযথ নিয়ন্ত্রণের মাধ্যমে কোম্পানির কর পরবর্তী মুনাফা পূর্ববর্তী বছরের তুলনায় ২৫.৩৩% বেড়েছে।

## বিধিবদ্ধ তথ্য সম্বন্ধে পরিচালকমন্ডলীর ঘোষনা

৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ১৮ মাসের আর্থিক বিবরণী প্রস্তুত ও উপস্থাপন সম্মন্ধে পরিচালকমন্ডলী আরো জানাচ্ছে যেঃ

- আর্থিক বিবরণীর নোট - ৭(ii) তে এ সেগমেন্ট অনুযায়ী রিপোর্টিং ফলাফল পর্যালোচনা করা হয়েছে।
- কোম্পানি ব্যবসা সংশ্লিষ্ট-ঝুঁকি সম্পর্কে সচেতন এবং সেগুলোকে নিয়মানুগ পদ্ধতির মাধ্যমে মোকাবেলায় প্রস্তুত। আর্থিক বিবরণী নোট-৩২তে আর্থিক ঝুঁকি ব্যবস্থাপনা বর্ণিত হয়েছে।
- Bangladesh Financial Reporting Standards (BFRSs) অনুসারে কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি রিপোর্টিং পিরিয়ডে বিদ্যমান নেই।
- সংশ্লিষ্ট পক্ষগুলোর সকল লেনদেন বাণিজ্যিক ভিত্তিতে করা হয়েছে যার মূলনীতি "Arms Length Transaction"। সংশ্লিষ্ট পক্ষ সমূহের লেনদেনের বিবরণ আর্থিক বিবরণী নোট-৩৬ তে প্রকাশিত হয়েছে।
- রিপোর্টিং পিরিয়ডে কোন আইপিও বা রাইট ইস্যু নেই।
- ত্রৈমাসিক আর্থিক ফলাফল এবং বার্ষিক আর্থিক বিবরণীর মধ্যে উল্লেখযোগ্য কোন পার্থক্য নেই।
- রিপোর্টিং পিরিয়ডে, কোম্পানির বোর্ড মিটিং এ উপস্থিতি ফি হিসাবে মোট ১৬,৫০০ টাকা প্রদান করা হয়েছে। পরিচালকমন্ডলীর সম্মানী ভাতা আর্থিক বিবরণীর নোট-২৮ এবং নোট- ৩৬ (বি) তে উল্লেখ করা হয়েছে।
- কোম্পানির ব্যবস্থাপনা পর্ষদ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কোম্পানির স্থিতি, পরিচালন ফলাফল, অর্থ প্রবাহ এবং ইকুইটি পরিবর্তনের একটি সত্য ও যথার্থ চিত্র তুলে ধরা হয়েছে।
- কোম্পানির হিসাবের বই সঠিকভাবে রক্ষণাবেক্ষন করা হয়েছে।
- আর্থিক বিবরণী প্রণয়নে যথাযথ হিসাব নীতি ধারাবাহিকভাবে অনুসরণ করা হয়েছে এবং হিসাবের ভিত্তি যুক্তিসঙ্গত ও সঠিক।
- আর্থিক বিবরণী প্রস্তুতকরনের ক্ষেত্রে Bangladesh Accounting Standards (BASs) ও Bangladesh Financial Reporting Standards (BFRSs) অনুসরণ করা হয়েছে।
- বিগত বছরের তুলনায় পরিচালন ফলাফলে পরিলক্ষিত সকল উল্লেখযোগ্য পার্থক্য সমূহ দৃষ্টিগোচর করা হয়েছে এবং উহার ব্যাখ্যা প্রদান করা হয়েছে।
- বিগত ছয় বছরের গুরুত্বপূর্ণ আর্থিক ও পরিচালনাগত তথ্য Financial Highlights and Analysis এ প্রকাশ করা হয়েছে।
- কোম্পানি রিপোর্টিং পিরিয়ডে লভ্যাংশ সুপারিশ করেছে।

- বিধিবদ্ধ নিয়মানুসারে রিপোর্টিং পিরিয়ডে পরিচালনা পর্ষদের মোট ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে যা Annexure-I এ দেখানো হয়েছে।
- ৩০শে জুন ২০১৬ সালে কোম্পানির শেয়ার হোল্ডিং প্যাটার্ণ Annexure-II এ দেখানো হয়েছে।
- ২০১৫ সালে যে সকল পরিচালকগণ নির্বাচিত ও পুনঃনিয়োগ প্রাপ্ত হয়েছেন তাদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত বার্ষিক প্রতিবেদনের Annexure-III এ অন্তর্ভূক্ত করা হয়েছে।
- CEO এবং CFO বোর্ডকে এই মর্মে প্রত্যায়ন করেছে যে তারা রিপোর্টিং পিরিয়ডে আর্থিক বিবরণী মূল্যায়ন করেছে এবং তারা বিশ্বাস করে যে, এই প্রতিবেদনে অসত্য কিছু নেই অথবা কোন উপাদান বাদ দেওয়া হয়নি অথবা এমন কিছু নেই যা ভুল ব্যাখ্যা দিতে পারে।
- CEO এবং CFO আরো নিশ্চয়তা প্রদান করেছে যে, সত্য এবং যথাযথ সঠিক উপস্থাপনা এবং প্রযোজ্য আইন মেনে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে।
- CEO এবং CFO বোর্ডকে এ ব্যাপারে আরো প্রত্যায়ন করেছে যে, তাদের জ্ঞান ও বিশ্বাস মতে রিপোর্টিং পিরিয়ডে এমন কোন লেনদেন হয়নি যা প্রতারণামূলক, অনৈতিক অথবা কোম্পানীর স্বীকৃত অভ্যন্তরীণ আচরণ বিধি লঙ্ঘন করে।

## চলমান প্রতিষ্ঠান

পরিচালনা পর্ষদ বিশ্বাস করে যে এ সি আই ফরমুলেশন্স একটি চলমান প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত। তারা পর্যাপ্ত অনুসন্ধান এবং বিশ্লেষনের মাধ্যমে নিশ্চিত হয়েছে যে, সম্পদ এবং পর্যাপ্ত ব্যবসায়িক সুযোগের মাধ্যমে কোম্পানিকে চলমান প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করা যায়, যা নিশ্চিতকরণের জন্য পরিচালকগণ আর্থিক হিসাবপত্র বিশ্লেষণ করেছেন। চলমান প্রতিষ্ঠান নীতির আলোকেই কোম্পানির আর্থিক বিবরণী সমূহ প্রস্তুত করা হয়েছে।

## কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর)

সামাজিক দায়বদ্ধতা এসিআই গ্রুপের একটি কেন্দ্রীয় কার্যক্রম এবং CSR এর আওতায় গৃহীত সকল প্রজেক্ট ও প্রোগ্রামসমূহ ব্যবসায়িক সংশ্লিষ্টতার সাথে সম্পর্কিত। টেকসই ব্যাবসা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে আমরা সামাজিক দায়বদ্ধতা ও আকাঙ্ক্ষার প্রতি শ্রদ্ধাশীল।

## আয়কর অধ্যাদেশ অনুসারে সার্বজনীন INCOME YEAR প্রবর্তন

অর্থ আইন ২০১৫ এর অধীনে আয়কর অধ্যাদেশ ১৯৮৪, (সেকশন ২(৩৫)-সংশোধিত) অনুযায়ী ১লা জুন ২০১৬ থেকে ৩০ শে জুন ২০১৭ সালের মধ্যে দেশের সকল কোম্পানির (ব্যাংক, ইনসিওরেন্স, এনবিএফআই ব্যাতিরেকে) Income Year এনবিআর এর সাথে সামঞ্জস্য রেখে অর্থ বছরে (জুলাই-জুন) পরিবর্তন করার বাধ্যবাধকতা আরোপ করা হয়। যে কারনে জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)এর নির্দেশিত পন্থায় এসিআই ফরমুলেশন্স লিমিটেড এর আর্থিক হিসাব কাল নির্ধারিত সময়ের মধ্যেই পঞ্জিকা বছর থেকে অর্থ বছরে পরিবর্তন করা হয়েছে। এ পরিবর্তনের সাথে সমন্বয় করার জন্য প্রাথমিক ভাবে কোম্পানির এবারের আর্থিক বিবরণী সমূহ ১লা জানুয়ারী ২০১৫ সাল থাকে ৩০ শে জুন ২০১৬ সাল পর্যন্ত মোট ১৮ মাস সময় কালের জন্য প্রস্তুত করা হয়েছে যা আসন্ন ২০তম সাধারণ সভায় শেয়ার মালিকগনের নিকট উপস্থাপন করা হবে।

## পরিচালকমন্ডলীর নির্বাচন

কোম্পানির আর্টিক্যালস অব এসোসিয়েশন এর ৪৭ অনুচ্ছেদ অনুযায়ী জনাব আরিফ দৌলা এবং মিসেস নাজমা দৌলা পর্যায় ক্রমিকভাবে অবসর গ্রহণ ও পুনঃনির্বাচনের যোগ্য হিসাবে বিবেচিত।

## স্বতন্ত্র পরিচালক এবং অডিট কমিটির চেয়ারম্যান

জনাব জুনেদ আহমদ চৌধুরী এবং জনাব কামরান টি. রহমান কোম্পানীর স্বতন্ত্র পরিচালক । জনাব জুনেদ আহমদ চৌধুরী একই সাথে অডিট কমিটির চেয়ারম্যান হিসবেও দায়িত্ব পালন করছেন। স্বতন্ত্র পরিচালক হিসেবে তার প্রথম ৩ বছরের মেয়াদ ২৯শে অক্টোবর ২০১৫ সালে শেষ হওয়ায় পরিচালনা পর্ষদ বিএসইসি'র নীতিমালা অনুসরণ করে তার মেয়াদ উল্লেখিত তারিখ থেকে আরও তিন বছরের জন্য বর্ধিত করেন ।

## অডিটরদের নিয়োগ

কোম্পানির বর্তমান অডিটর মেসার্স রহমান রহমান হক, চাটার্ড একাউন্ট্যান্টস রেগুলেটরের নির্দেশ অনুযায়ী ১ জানুয়ারী ২০১৫ হতে ৩০ জুন ২০১৬ সাল পর্যন্ত মোট ১৮ মাস সময়কালের জন্য নিরীক্ষা সম্পন্ন করেন। তারা আসন্ন বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহণ করবেন এবং ২০১৬-২০১৭ সালের জন্য যোগ্য হিসেবে পুনঃনিয়োগের প্রস্তাব রেখেছেন। কোম্পানীর পরিচালনা পর্ষদ এই পুনঃনিয়োগ বিবেচনার জন্য শেয়ার হোল্ডারগণের নিকট সুপারিশ করেন।

## কর্পোরেট গভার্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট

এসিআই ফরমুলেশন্স লিমিটেড ভোক্তা সাধারনের জীবনযাত্রার গুনগতমান-উন্নয়ন, ভোক্তা অধিকার সংরক্ষণ, উদ্ভাবন, স্বচ্ছতা, জবাবদিহিতা ও ক্রমাগত উন্নতির মধ্য দিয়েই ব্যাবসার প্রসার ঘটানোর সম্ভব বলে বিশ্বাস করে। পরিচালনাপর্ষদ ও ব্যাবস্থাপকগণ কোম্পানিতে কর্পোরেট গর্ভানেন্স অনুশীলনে

সর্বোচ্চ নৈতিকতা ও মান বজায় রাখার মাধ্যমে শেয়ার হোল্ডার ও অংশীদারদের স্বার্থ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা অত্যন্ত আনন্দের সাথে আপনাদের এই মর্মে নিশ্চিত করছি যে, কোম্পানি বাংলাদেশ সিকিউরিটি এন্ড একচেঞ্জ কমিশন এর নোটিশ নং/এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/প্রশাসন/৪৪, ৭ই আগষ্ট ২০১২ অনুযায়ী সমস্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা পালন করেছে। কোম্পানীর পরিচালকমন্ডলীর প্রতিবেদনের (২০১৫-২০১৬) Annexure-V এ প্রয়োজনীয় মন্তব্য সহকারে ১৮ মাস সময়কালের জন্য কমপ্লায়েন্স রিপোর্ট সংযুক্ত করা হয়েছে। এ ছাড়াও কর্পোরেট গর্ভানেন্স গাইডলাইনের কন্ডিশন নং ৭ অনুযায়ী আল-মুক্তাদীর এ্যাসোসিয়েটস, চাটার্ড সেক্রেটারীজ, কর্তৃক প্রত্যায়িত কমপ্লায়েন্স সার্টিফিকেট এই প্রতিবেদনের Annexure-VI এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

## এসিআই ফরমুলেশন্স'র মানবসম্পদ

এ সি আই ফরমুলেশন্স তার অফিস, ফ্যাক্টরি ও মাঠপর্যায়ের কর্মীদের তাদের বিশ্বস্ততা ও নিরলস অবদানের জন্য মূল্যায়ন করে যাতে তারা আরো অবদান রাখতে পারে। কর্মীরা বিশ্বাস করে ধারাবাহিক উন্নয়ন এবং উদ্ভাবন তাদেরকে প্রতিযোগীদের থেকে এগিয়ে রাখে। কোম্পানি পরিচালনার সব ক্ষেত্রে সমঅধিকার ও সমমূল্যায়ন নিশ্চিত করা হয়। খুব সতর্কতার সাথে স্বাস্থ্য এবং নিরাপত্তা ব্যবস্থা নিয়ন্ত্রিত হয়।

কর্মীদের পারফরম্যান্স ব্যালেন্স স্কোর কার্ডের মাধ্যমে মূল্যায়ন করা হয়, এই পদ্ধতিটি শুধু যে ব্যক্তির কর্ম ফলাফল মূল্যায়ন করে তাই না বরং প্রশিক্ষণ ও পেশা গত সাফল্য নিশ্চিত করে।

## কৃতজ্ঞতা জ্ঞাপন ও স্বীকৃতি

কোম্পানির পরিচালনা পর্ষদ দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, এ সি আই ফরমুলেশন্স এর রয়েছে পর্যাপ্ত শক্তি, সম্পদ ও প্রতিশ্রুতি যা কোম্পানিকে আরও উচ্চতায় পৌছে দিতে পারে। বহুবিধ চ্যালেঞ্জের মুখোমুখি হওয়া সত্ত্বেও কোম্পানির ব্যবসায়িক ফলাফল পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা পর্ষদ, সর্বোপরি সকল কর্মীবৃন্দের দৃঢ় মনোবল এবং সংকল্পেরই ফসল। এ সি আই ফরমুলেশন্স সকল ব্যবসায়িক সহযোগী, শেয়ারমালিক, সরবরাহকারী, ক্রেতা, ব্যাংকার মিডিয়া যাদের সহযোগীতা এবং অক্লান্ত পরিশ্রমের ফলে কোম্পানি আজকের এই পর্যায়ে এসেছে তাদের জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে রইল আন্তরিক অভিনন্দন। মানুষের জীবন-মান উন্নয়নে আমাদের লক্ষ্যের প্রতি তাদের এই অব্যাহত মূল্যবান সমর্থন ও সহযোগীতা আমাদের কাছে যথেষ্ট গুরুত্ব বহন করে।


পরিশেষে, এবং অত্যন্ত গুরুত্বের সাথে আমরা পরিচালনা পর্ষদের পক্ষ্য থেকে ফ্যাক্টরী, ডিপো এবং অফিস সমূহের সকলের অক্লান্ত প্রচেষ্টার প্রতি আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই। নানাবিধ অনিশ্চয়তা ও প্রতিকূলতার মাঝেও তাদের কঠোর পরিশ্রম ও নিষ্ঠার বলে এ সি আই ফরমুলেশন্স একটি শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠেছে যা জনগনের জীবন-মান উন্নয়নে নিরন্তর অবদান রেখে চলেছে।

বোর্ডের পক্ষে,

সুস্মিতা আনিস
ব্যবস্থাপনা পরিচালক

জুনেদ আহমদ চৌধুরী
স্বতন্ত্র পরিচালক


ETP





ACI Formulations Limited
ACI Centre, 245 Tejgaon Industrial Area, Dhaka 1208

Design & Production :
Creative Communication Limited